যুগান্তর

২২/১০/২০০৩

তারিখ ...........

পৃষ্ঠা ২ কলাম ৪

# পরীক্ষা কেন্দ্র স্থানান্তরের প্রতিবাদে গাইবান্ধা কলেজে অনির্দিষ্টকালের ছাত্র ধর্মঘট

গাইবান্ধা প্রতিনিধি :

সাবসিডিয়ারি পরীক্ষায় অকৃতকার্য ছাত্রদের পরীক্ষা কেন্দ্র রংপুর কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজে স্থানান্তরের প্রতিবাদে গতকাল বুধবার থেকে গাইবান্ধা সরকারি কলেজে অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট শুরু হয়েছে। অকৃতকার্য ছাত্রদের সমর্থনে গাইবান্ধা সরকারি কলেজ সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদের আহ্বানে এ ধর্মঘট শুরু হয়। ধর্মঘটী ছাত্ররা কলেজের প্রশাসনিক ভবন ও সব শ্রেণীকক্ষে তালা লাগিয়ে দেয়। পরে বিক্ষুব্ধ ছাত্ররা মিছিলসহ শহর প্রদক্ষিণ করে স্থানীয় প্রেসক্লাব চত্বরে এক সমাবেশ করে। এতে বক্তব্য রাখেন ছাত্রদল কলেজ শাখার আহ্বায়ক কামরুজ্জামান মান্নু, ছাত্রলীগ নেতা মিজানুর রহমান, জাসদ ছাত্রলীগের রেজাউল করিম রেজা, মাহমুদুর রশীদ খাসেত, জিয়াউর রহমান রওশন প্রমুখ। বক্তারা গাইবান্ধা থেকে ৭৫ কি.মি. দূরে রংপুরে পরীক্ষা কেন্দ্র স্থাপনের তীব্র প্রতিবাদ জানিয়ে বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয়কে অবিলম্বে এই সিদ্ধান্ত প্রত্যাহার করতে হবে। পরে ছাত্ররা স্থানীয় শহীদ মিনারে ২ ঘণ্টাব্যাপী এক প্রতীক অনশনে অংশ নেয়।